



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬৩২০

৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: রিট পিটিশন নং ৮৩৭৬/২০২২ এ প্রদত্ত রায় তাং ০৯.১১.২০২২ মোতাবেক নির্দেশনা লঙ্ঘনের প্রেক্ষিতে কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন চরাডি নেছারিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডি সংক্রান্ত বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৮৩৭৬/২০২২ এ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৫(৩) এর আলোকে সভাপতি মনোনয়নের লক্ষ্যে স্থানীয় নির্বাচিত সংসদ সদস্যের সাথে আলোচনাক্রমে তিনজন ব্যক্তির নাম ও জীবন বৃত্তান্ত বোর্ডে দাখিল করার জন্য বিগত ০৯.১১.২০২২ইং তারিখে রায় দেওয়া হয়েছে। রায় প্রদানের পর প্রায় দীর্ঘ ১ বৎসর অতিবাহিত হলেও উক্ত রায়ের আলোকে মাদ্রাসা প্রধান কর্তৃক কোন পদক্ষেপ নেওয়া হয়নি। উল্লেখ্য মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: মুছা কালিমুল্লাহ কর্তৃক ডাকযোগে বোর্ডে প্রেরিত সেপ্টেম্বর ২০২৩ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের সংযুক্ত ফটোকপি তার কর্তৃক প্রাপ্তি দৃষ্টে প্রতীয়মান তিনি সুপ্রীম কোর্ট কর্তৃক ও সরকারিভাবে ২২.০৫.২০২৩ইং তারিখে রায়ের অনুলিপি গ্রহণ করেছেন। এছাড়াও প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত প্রধান ও রিট পিটিশন নং ৮৩৭৬/২০২২ এর ৫নং রেসপন্ডেন্ট হিসাবে ০৯.১১.২০২২ইং তারিখের রায়ের বিষয়ে রায় প্রদানের তারিখ থেকেই অবহিত ছিলেন। তদুপরি তিনি উক্ত রায় বাস্তবায়নে কোন পদক্ষেপ গ্রহণ করেননি। যাহা মহামান্য সুপ্রীম কোর্টের রায়ের স্পষ্ট অবমাননা ও আইনের শাসনের প্রতি অবজ্ঞার শামীল।

বর্ণিত অবস্থায় উক্ত রায় অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করায় ও মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৮৩৭৬/২০২২ এ প্রদত্ত রায় তাং ০৯.১১.২০২২ লঙ্ঘন করায় কেন মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: মুছা কালিমুল্লাহ এর এমপিও বন্ধের সুপারিশমসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার সন্তোষজনক জবাব ০৭ (সাত) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৫-১১-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

জনাব মো: মুছা কালিমুল্লাহ, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, চরাডি নেছারিয়া আলিম মাদ্রাসা, পো: রানীরহাট, বাকেরগঞ্জ, বরিশাল।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬৩২০/১(৪)

৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বরিশাল;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বাকেরগঞ্জ, বরিশাল এবং

৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল।





১৫-১১-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার